# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd


**সেকেন্ড স্মল এন্ড মিডিয়াম সাইজড এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট প্রজেক্ট (এসএমইডিপি-২)**

এসএমইডিপি-২ সার্কুলার নং - ১

তারিখ: ২১ ভাদ্র ১৪৩১ / ৫ সেপ্টেম্বর ২০২৪

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারী শিল্পখাত উন্নয়নে এসএমইডিপি-২ প্রকল্পের আওতায় গঠিত আবর্তনশীল পুনঃঅর্থায়ন তহবিল প্রসঙ্গে।**

কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারী শিল্পখাত (সিএমএসএমই) উন্নয়নের উদ্দেশ্যে আর্থিক সেবা সম্প্রসারণের লক্ষ্যে সেকেন্ড স্মল এন্ড মিডিয়াম সাইজড্ এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট প্রজেক্ট (এসএমইডিপি-২) এর আওতায় পুনঃঅর্থায়নের বিপরীতে অংশগ্রহণ চুক্তি স্বাক্ষরকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান হতে আদায়কৃত অর্থের 'আসল' অংশ দ্বারা বাংলাদেশী মুদ্রায় একটি আবর্তনশীল পুনঃঅর্থায়ন তহবিল গঠন করা হয়েছে। এ আবর্তনশীল তহবিলের আওতায় অংশগ্রহণ চুক্তি স্বাক্ষরকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারী শিল্পখাতে অর্থায়নের বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে।

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে উপরোক্ত পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানের ক্ষেত্রে নিম্নলিখিত নীতিমালা প্রযোজ্য হবে:

**১। 'যোগ্য প্রতিষ্ঠান নির্বাচন', 'যোগ্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান নির্বাচন' এবং 'আদায় পদ্ধতি':**

'যোগ্য প্রতিষ্ঠান নির্বাচন', 'যোগ্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান নির্বাচন' এবং 'আদায় পদ্ধতি'র ক্ষেত্রে ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট কর্তৃক জারীকৃত ১৫ নভেম্বর ২০১৭ তারিখের এফআইডি সার্কুলার নং- ০১/২০১৭ এবং ১৩ জানুয়ারি ২০২১ তারিখের এসএমইডিপি-২ সার্কুলার লেটার নং-২ এ বর্ণিত নির্দেশাবলী এ আবর্তনশীল পুনঃঅর্থায়ন তহবিলের জন্য প্রযোজ্য হবে।

**২। সুদ হার:**

২.১) অংশগ্রহণকারী ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠান পর্যায়ে পুনঃঅর্থায়নের জন্য বাৎসরিক ৪% হারে সরল সুদহার প্রযোজ্য হবে;

২.২) এ তহবিলের আওতায় কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারী শিল্পখাতে অংশগ্রহণকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ঋণের সুদহার বাৎসরিক ৮% এর বেশী হবে না। এছাড়া, আলোচ্য পুনঃঅর্থায়নের ক্ষেত্রে অতিরিক্ত কোন সুপারভিশন চার্জ আরোপ করা যাবে না;

২.৩) সিএমএসএমই খাতে সুদহার বিষয়ে বাংলাদেশ ব্যাংকের অন্যান্য নীতিমালা এ তহবিলের জন্য প্রযোজ্য হবে।

**৩। সাধারণ নির্দেশনাবলী:**

৩.১) পুনঃঅর্থায়ন প্রাপ্তির জন্য অংশগ্রহণকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে অনলাইনে আবেদন করতে হবে এবং অনলাইন ট্র্যাকিং নম্বর ও সহায়ক দলিলাদিসহ নির্বাহী পরিচালক ও প্রকল্প পরিচালক, এসএমইডিপি-২, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা বরাবর প্রধান নির্বাহী স্বাক্ষরিত আবেদন দাখিল করতে হবে;

৩.২) আলোচ্য তহবিলের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণে আগ্রহী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানকে এতদুদ্দেশ্যে অংশগ্রহণ চুক্তি, পুনঃঅর্থায়নের আবেদনপত্র ইত্যাদি এসএমইডিপি-২ প্রকল্প বাস্তবায়ন ইউনিট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা হতে সংগ্রহ করতে হবে;

৩.৩) অন্য কোন উৎস হতে পুনঃঅর্থায়ন সুবিধাপ্রাপ্ত প্রকল্প এ পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় আবেদন দাখিল করলে তা বিবেচনা করা হবে না;

৩.৪) পিএফআইসমূহ তাদের শাখাসমূহে পুনঃঅর্থায়ন সম্পর্কিত তথ্যাদি সহজে দৃষ্টিগোচরযোগ্য স্থানে প্রদর্শন করবে;

৩.৫) পুনঃঅর্থায়ন স্কিমের শর্তাদি বা তহবিলের বিষয়ে যে কোনো সংযোজন, বিয়োজন এবং পরিমার্জনের অধিকার এসএমইডিপি-২, প্রকল্প বাস্তবায়ন ইউনিট, বাংলাদেশ ব্যাংক সংরক্ষণ করে।

**৪। অন্যান্য নির্দেশনাবলী:**

৪.১) ঋণ গ্রহণকারী প্রতিষ্ঠান কর্তৃক পর্যাপ্ত হিসাব ও তথ্য/উপাত্ত সংরক্ষণ করার বিষয়টি সংশ্লিষ্ট ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান নিশ্চিত করবে;

(পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য)

(পূর্ববর্তী পৃষ্ঠা হতে)

৪.২) ঋণ খেলাপী গ্রাহকের অনুকূলে প্রদত্ত ঋণের বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধার আবেদন বিবেচ্য হবে না। পুনঃঅর্থায়ন সুবিধার আবেদন করার পূর্বে পিএফআই কর্তৃক সংশ্লিষ্ট গ্রাহক ও তার স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের হালনাগাদ CIB রিপোর্ট সংগ্রহ করতে হবে ও ঋণগ্রহীতা ঋণখেলাপী নয় মর্মে নিশ্চিত হতে হবে;

৪.৩) একাধিক Credit Line এর মাধ্যমে প্রদানকৃত ঋণের বিপরীতে পুনঃঅর্থায়ন আবেদনের ক্ষেত্রে যে Credit Line এর বিপরীতে পুনঃঅর্থায়ন দাবী করা হয়েছে তা আবেদনপত্রে স্পষ্ট করতে হবে;

৪.৪) পুনঃঅর্থায়ন বাবদ গৃহীত ঋণের সদ্ব্যবহার সম্পর্কে ঋণ প্রদানকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে বাংলাদেশ ব্যাংকে ত্রৈমাসিক ভিত্তিতে প্রতিবেদন প্রেরণ করতে হবে;

৪.৫) পুনঃঅর্থায়নকৃত ঋণের সদ্ব্যবহারের বিষয়টি নিশ্চিত হওয়ার জন্য এসএমইডিপি-২ প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট স্বীয় বিবেচনায় বা প্রয়োজনীয়তার নিরিখে দৈবচয়ন ভিত্তিতে যে কোনো সময় পুনঃঅর্থায়ন দাবীকৃত প্রকল্পসংশ্লিষ্ট দলিলাদি, হিসাবরক্ষণ, লেনদেন, প্রকল্প এলাকা ইত্যাদি এবং সংশ্লিষ্ট পুনঃঅর্থায়ন গ্রহণকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান সরেজমিন পরিদর্শন করতে পারবে;

৪.৬) এ সার্কুলার জারির পরবর্তী সময়ে বিতরণকৃত ঋণের ক্ষেত্রেই কেবল এ তহবিল হতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রযোজ্য হবে। তবে, অনধিক ০৬(ছয়) মাসের মধ্যে পিএফআই কর্তৃক অর্থায়নকৃত প্রকল্পে পুনঃঅর্থায়ন প্রাপ্তির আবেদন বিবেচনাযোগ্য হবে;

৪.৭) এ তহবিল ব্যবস্থাপনার সুবিধার্থে অংশগ্রহণ চুক্তি সম্পাদনকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ এ তহবিলের আওতায় সম্ভাব্য ঋণ বিতরণ ও তার বিপরীতে প্রয়োজনীয় পুনঃঅর্থায়নের পরিমাণ সম্পর্কে একটি প্রাক্কলন ষান্মাষিক (জুন, ডিসেম্বর) ভিত্তিতে বাংলাদেশ ব্যাংকে দাখিল করবে;

৪.৮) গ্রাহক পর্যায়ে ঋণ আদায়ের সাথে বাংলাদেশ ব্যাংক হতে গৃহীত পুনঃঅর্থায়নের দায় পরিশোধকে কোনোভাবেই সম্পর্কিত করা যাবে না। পরিশোধসূচি অনুযায়ী নির্ধারিত তারিখে সুদসহ পুনঃঅর্থায়নকৃত অর্থের পরিশোধযোগ্য কিস্তি যথাসময়ে বাংলাদেশ ব্যাংকে রক্ষিত সংশ্লিষ্ট পিএফআই এর চলতি হিসাব বিকলনের মাধ্যমে আদায় করে নেয়া হবে। এক্ষেত্রে, নির্ধারিত দিনে সংশ্লিষ্ট হিসাবে প্রয়োজনীয় অর্থ থাকার বিষয়টি পিএফআই কর্তৃক নিশ্চিত করতে হবে;

৪.৯) গ্রাহক পর্যায়ে ঋণ মঞ্জুরীপত্রের নির্দিষ্ট পরিশোধসূচি অনুযায়ী ঋণের সুদসহ আসল আদায়যোগ্য হবে। মেয়াদ পূর্তির পূর্বে কোন গ্রাহক কর্তৃক ঋণ সমন্বয় করার কারণে গ্রাহক পর্যায়ে কোন প্রকার early settlement চার্জ/ফি আদায় করা যাবে না;

৪.১০)এ পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান পরবর্তীতে কোনো ঋণ শ্রেণিকৃত হলে উক্ত ঋণের ক্ষেত্রে পুনঃঅর্থায়ন সুবিধা বাতিল করা হবে এবং এসএমইডিপি-২ প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট কর্তৃক পুনঃঅর্থায়নকৃত বকেয়া অর্থ সুদসহ এককালীন আদায় করা হবে।

৫। **শৃঙ্খলা সংক্রান্ত নির্দেশনাবলী:**

৫.১) নিম্নবর্ণিত অবস্থার অবতারণা হলে অংশগ্রহণ চুক্তিপত্রের শর্তানুসারে পিএফআইকে পুনঃঅর্থায়নকৃত অর্থ দন্ডসুদসহ (ব্যাংক হার+৫%) এককালীন ফেরত প্রদান করতে হবে:

ক) পিএফআই কর্তৃক ইচ্ছাকৃতভাবে ভুল তথ্য প্রদানের মাধ্যমে পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করলে; এবং

খ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক সরেজমিন পরিদর্শনে পুনঃঅর্থায়নকৃত ঋণের সদ্ব্যবহার হয়নি মর্মে উদ্‌ঘাটিত হলে।

৫.২) পুনঃঅর্থায়নকৃত অর্থের পরিশোধযোগ্য কিস্তি পরিশোধসূচি অনুযায়ী নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট হিসাবে থাকার বিষয়টি পিএফআই কর্তৃক নিশ্চিত না করা হলে ব্যাংক কোম্পানি আইন ১৯৯১ ও আর্থিক প্রতিষ্ঠান আইন ১৯৯৩ অনুযায়ী স্ব স্ব ক্ষেত্রে প্রযোজ্য শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬। ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হ'ল যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মুনিরা ইসলাম)
পরিচালক (এসএমইডিপি-২)
ফোন ঃ +৮৮-০২-৪৭১১৩৩২২